জেফ স্মিথের

বোন

২য় পর্ব

বাংলায় অনুবাদ ঃ ইন্দ্রনীল কাঞ্জিলাল

কাহিনী ও ছবি

জেফ স্মিথ

রঙ

স্টিভ হ্যামাকার

বাংলায় অনুবাদ

ইন্দ্রনীল কাঞ্জিলাল

বর্ণ সংস্থাপন ও সম্পাদনা

রূপক ঘোষ

বোন
কড়াক্!
দ্বিতীয় অধ্যায় ঃ
এক যে আছে থর্ন
যাক বাবা, **শান্তি!** কাঠকুটো যা জোগাড় হয়েছে এতেই কাজ চলে যাবে।
♪
ও বোনবাবু! **বোনবাবুউউ...** এই যে, এদিকে...

আরে! পসামবৌদি যে! কি খবর? অনেকদিন দেখা সাক্ষাৎ নাই...
যা শীত পড়েছে! বাচ্চাগুলোর আবার সর্দির ধাত, তাই খুব একটা বেরুই না...
chitrochor.blogspot.in

ওরে বাবা! **চুন্নু মুন্নুগুলো** কত্তো বড়ো হয়ে গেছে!
আর বোলো না! খুব দুরন্ত! সবসময় এটা ফেলছে, ওটা ভাঙ্গছে! কি রে! বোনকাকুকে মনে আছে তোদের?
হ্যাঁ তো!
নিচ্চই!

কি গো! ছোট্ট বন্ধুরা, ভালো আছো তো?
একদম বিন্দাস!
তোমাল তুপিতা ও'রম কেন?

আরে! এটা তো তোমাদের মা'ই বানিয়েছেন...
পচা লাগছে!
নাও মাম্মাম তোমার জন্য আরো কম্বলটম্বল নিয়ে এসেছে

ধন্যবাদ গো পসামবৌদি! সত্যি তুমি না থাকলে যে কি হতো **আমার...!**
আহা! কি এমন আর কল্লুম! শত হোক, তুমি হলে গিয়ে আমাদের অতিথি! আচ্ছা, ঝুড়ির মধ্যে কটা নারকেলনাড়ু আছে খেও মনে করে!
chitrochor.blogspot.in

তারপর? তোমার ভাইদের খোঁজখবর কিছু পাওয়া গেল?
নাঃ, কই আর... আচ্ছা, টেডের সঙ্গে দেখা হয় তোমার?

না না, এত শীতে কি আর পোকারা বাইরে বেরোয়? সেই বরফ পড়ার সময় থেকেই টেডের টিকির ডগাটিও দেখিনি আর...
...তা তুমি আরেকজন কাকে খুঁজছিলে না? কি যেন... কি একটা নাম বলেছিলে...
chitrochor.blogspot.in

হ্যা...**থর্ন!** টেডই তো বলেছিল দেখা করিয়ে দেবে...
ও তাই? টেড বলেছে যখন, তখন কিছু একটা ব্যবস্থা হবে নিশ্চই! তা তোমার আর কিছু লাগবে না তো?

সেই...না বৌদি, আর কিছু লাগবে না, বরং বলো, তোমার কোনও কাজটাজ আছে...?
হ্যাঁ গো, সেকথাই তো বলছি,দস্যিগুলোকে অল্প সামলাও দিকি, আমি ঝট করে কাঁটাচুয়াদিদির বাড়ি থেকে ঘুরে আসি একবার
কি মজা! বোনকাকুর থঙ্গে খেলা কব্বো!
chitrochor.blogspot.in

অ্যাঁ...মানে... আমি মানে ঠিক... বাচ্চাকাচ্চা সামলানোটা......
আরে, আমি যাবো আর আসবো। এই তোরা সব লক্ষ্মীসোনা হয়ে থাকিস্ কিন্তু।
নিচ্চই, নিচ্চই, টা, টা, মাম্মাম!

বেশ...আয় তোরা আমার সঙ্গে, ঘরদোর গোছানোর কাজে সাহায্য করবি।

চট্‌পট্ ভিতরে সেঁদিয়ে যা, আমিও আসছি এক্ষুনি!
হল্লাবোল্!
ইপ্পিইইই
chitrochor.blogspot.in

যাক, ঘরটা যা দাঁড় করিয়েছি, এই শীতটা পার হয়ে যাবে, তাপ্পর, বসন্ত এলেই **বোনভিল...**
হুড়মুড়!
ধুপধাপ!
chitrochor.blogspot.in

আ **সব্বোনাশ!** কি করছিস রে তোরা?!?
ধড়াম

ঘরদোর ভেঙ্গে ফেলবি নাকি রে?

হায় আমার কপাল!!!
chitrochor.blogspot.in

রক্তারক্তি কান্ড না ঘটিয়ে ছাড়বি না দেখছি তোরা! এক মিনিট শান্ত হয়ে বসতে পারিস না? আয়, একটা গল্প বলি...
ধুউস্! বেশ তো খেলছিলুম!
গপ্প পচা! থুনবো না, কামলাকামলি খেলবো!
chitrochor.blogspot.in

হ্যাঁ, হ্যাঁ, চল খেলি...
এমা! এমা! বোনকাকু আমায় কামড়াতে পারে না... আমায় ধরতে পারে না...

আমাদেল থঙ্গে খেলবে না বোনকাকু?
খেলবে না? খেলবে তো?
কামড়াকামড়ি ভালো খেলা নয়...
চিৎপাত ঘুমে কাত খেলবে?

ওই দ্যাখ!! একটা পসামখেকো মোটা ভালুক তেড়ে আসছে!!
chitrochor.blogspot.in

চিৎপাত ঘুমে কাত...
...এই খেলাটা খুব একটা মন্দ নয়!

যাক দামালগুলো ঘুমিয়ে পড়েছে, এবার ঘরটা একটু ঝাঁটপাট দিই গে যাই।
chitrochor.blogspot.in

chitrochor.blogspot.in

হি হি,
খিক্
খিক্

আমি মোটা ভাল্লুক আসি হাউমাউ ছুটি, কপ্ করে গিলে খাবো ঠিক যেন পাউরুটি!
শিগ্‌গির ভাগ্ রে ভাইরা!
পালা!
পালা!

বোনকাকু ভাল্লুক হয়ে গেতে দল্‌দি পালা...!
অ্যাই!
বাইরে নয় একদম...!
chitrochor.blogspot.in

ওরে! কোথায় গেলি তোরা!
আমলা এখন লুকোচুরি খেলতিইইই!
টু উ উ কি!
chitrochor.blogspot.in

এটা খুব বাড়াবাড়ি হয়ে যাচ্ছে কিন্তু...

বেরিয়ে আয়, নয়তো মাকে বলে পিট্টি খাওয়াব তোদের...

ভালো কথায় কাজ হবে না, তাই না? দাঁড়া, হাতের নাগালে পাই, কষ্কষিয়ে কানগুলো...
chitrochor.blogspot.in

হুঁহুঁ বাবা! ঝোপের আড়ালে ঘাপটি মেরে আছো, তাই না? এই আসছে মোটকা ভালুক, হাঁউ মাঁউ...

খাঁউউউউউউ উউরেএএএ বাপরেএএএএ!!
এযে সুমুখে শমন!!
chitrochor.blogspot.in

কি দাদারা? খবর সব ভালো তো?
উ ল্ ল্ স্ স্ স্ স্ স

আপনাদের সঙ্গে দেখা হওয়ায় খুব আনন্দ পেলুম, কিন্তু এবার যেতে হচ্ছে, বাচ্চাগুলোর টিউশনির মাস্টার আসার সময় হয়ে গেছে...
chitrochor.blogspot.in

গরররররর
chitrochor.blogspot.in

তাড়াতাড়ি কেটে পড়! আমি আটকাচ্ছি ওদের...
ওরে মাম্মাম রে!
দানোবিদুরে খেয়ে ফেল্‌লে রে!

আউ! আউ উ!
উহুহুহুহু! গোড়ালিটা গেল বোধহয়!
গররর

chitrochor.blogspot.in

রামোঃ কি দুর্গন্ধ! পচাধসা কিছু খেয়েছেন নিশ্চই?
!
chitrochor.blogspot.in

ইয়ে...কই? না তো! গিরগিটিটা তো বেশ তাজাই ছিলো তাই না?
দিব্যি ছিলো! দারুণ সোয়াদ...

যাঃ কলা! গেল কই!?!

chitrochor.blogspot.in

chitrochor.blogspot.in

নিশ্চিন্দি বাব্বা! এই সরু টিংটিঙে ডালে ওরা নিশ্চই ঝাঁপানোর চেষ্টা করবে না!

দূর হ! গণ্ডমূর্খ গোবরগণেশ দানোবিদুর!!!

কড়াৎ!
chitrochor.blogspot.in

chitrochor.blogspot.in

আআপ্লুস্স্
chitrochor.blogspot.in

উউহ্!
chitrochor.blogspot.in

উরিঃ ব্বাপ্ রেএএ!
এবার পা-টা সত্যিসত্যিই মচ্‌কালো...
chitrochor.blogspot.in

ফাঁদে পড়েছ চাঁদ!

তাহলে দোস্ত, জোগাড়যন্তর করা যাক! বেশ মাখোমাখো করে ঝোল বানাতে হবে... নাকি কাঁচাই খাবি?
হুম্মম্... ভাবছি... চন্দ্রপুলি...

চন্দ্রপুলি আমার বরাবরের ফেভারিট----
কেয়া রে শর্ট টাইম মেমারি? আগেরবারের শিক্ষা ভুলে গেছিস?
chitrochor.blogspot.in

এই মেরেছেএএএ! লাল ড্রাগন!!
না,না! খেতুম নাতো! বিশ্বাস করুন ড্রাগনদা! আমরা ওই একটু খেলাধুলো করছিলুম...
চল, ভাগ হিয়াঁসে...
chitrochor.blogspot.in

কুঁই! কুঁই! কুঁই!
অ্যাই!
পালালো যে! ধরো ওদের! কিছু করো...

অ্যাঁ...?
তোমার নাকের ডগার সামনে দিয়ে চম্পট দিলো যে

ওই হতচ্ছাড়াগুলোর কীর্তি জানো...? উরিঃ... উঃ... আমার পা-টা...
হাড়হাভাতে দুটো বাচ্চাদের পাকড়াও করেছিলো খাবে বলে...
chitrochor.blogspot.in

আমি যদি ড্রাগন হতুম, দুড়ুম করে আগুনের গোলা ছুঁড়ে স্রেফ উড়িয়ে দিতুম ওদের...
chitrochor.blogspot.in

তুমি কোন দেশী ড্রাগন হে? আগুন ছোঁড়া শেখায়নি মা-বাবা?

উ উ উ স স

ও... আচ্ছা...!
বুঝলে তো? ছুঁচো মেরে নাক গন্ধ করার কোন মানে হয় না...
chitrochor.blogspot.in

তো...মানে...
আমাকে বাঁচানোর
জন্য ধন্যবাদ...যাই
দেখি বাচ্চাগুলো
কোথায় আবার...
chitrochor.blogspot.in

এ হুয়ো!

ঘাবড়িও না,
বাচ্চারা
নিরাপদেই
আছে...

পাহাড় থেকে নাকবরাবর
নেমে যাও, তাহলেই
পসামবৌদির বাড়ি
পেয়ে যাবে...
chitrochor.blogspot.in

উমম...আচ্ছা!
তাই??
chitrochor.blogspot.in

!

অ্যা...
অ্যাই!!??
তুমি কি করে
জানলে আমি
পসামবৌদির
বাচ্চাদের কথা
বলছিলাম??
বোন
বাবু!!

এইতো! যাক বাবা! তোমার কিছু হয়নি! আমাদের কি চিন্তাটাই না হচ্ছিলো!
কি মজা!
মাথা দিয়ে ধোঁয়া বেরোচ্ছে
chitrochor.blogspot.in

আরে না না পসামবৌদি আমার কিস্যু হয়নি। লাল ড্রাগন ছিল তো! ওই বাঁচালো আমায়...
সত্যি?! তুমি ড্রাগন দেখেছ?
নাল দাগন কে?
বোনবাবু বাচ্চাদের সঙ্গে কি মজাটাই না করতে পারে, তাই না কাঁটাচুয়াদি?

দানোবিদুরগুলোকের একা হাতে তাড়িয়েছে, তাই শুধু নয়, আবার তার মধ্যে ড্রাগন এনে কি সুন্দর গপ্প বানাচ্ছে দেখো!
হি হি! যা বলেছেন দিদিভাই...

কি হল বৌদি? কিছু বলছেন?
আরে! না, না, তুমি বলো, ওদের বলো তারপর সেই গোদা ড্রাগনটা কিভাবে হুস্ করে আগুন ছুড়লো...
chitrochor.blogspot.in

বোনকাকু তুমি ভয় পাওনি?
পেয়েছিলুম তো!
কি বিনয়ী না?
আর সাহসীও

তাপ্পর কি হলো? তুমি ড্রাগনটার নাকে ধুম্ করে ঘুঁসি মারলে??
টুপিটা ছিঁড়লো কি করে? ড্রাগনে চিবিয়েছে বুঝি?
আলে, তোলা বুদ্চিস না? বোনকাকু গুল্ দিচ্চে! দাগন বলে ছত্যিছত্যি কিচ্চু নেই!
তোলা ছব মুখখুর দিম!

আচ্ছা, আচ্ছা, অনেক হয়েছে, এবার বোনকাকুকে ছাড় দিকি তোরা! দেখছিস না, কালিঝুলি মেখে কি অবস্থা হয়েছে! চল, বাকি গল্প বরং ঘরে গিয়ে শুনবি।
ঝামাপাথর দিয়ে ঘষে ঘষে চান না করলে ও কালি ওঠার নয়
chitrochor.blogspot.in

হ্যাঁ, সেই ভালো, তুমি বরং পাহাড়ের ওদিকে যে ঝরণাটা আছে, সেখানে গিয়ে সাফসুতরো হয়ে নাও, আমরা ততোক্ষণ রওনা দিই, বাচ্চাদের মাস্টার চলে এসেছে হয়তো...
টা টা বোনকাকু
সত্যি সত্যি ড্রাগন দেখেছে???
তোরাও যেমন...
chitrochor.blogspot.in
ধুত্তোর!! আমার কথা বিশ্বাস না করলো তো ভারী বয়েই গেলো
কি ভাবে কি?? আমি আমার নিজের মাথায় আগুন লাগিয়ে ধুনুচি নেত্য করছিলুম?
আর ওই ড্রাগন ব্যাটাই বা কি করে জানলো যে আমি পসামবৌদির বাচ্চাদের কথা বলছি? ও কি আমায় নজরে রাখছে?
chitrochor.blogspot.in
এই জায়গাটা মোটেও সুবিধের নয়, শীতটা কাটুক একবার, বসন্ত এলেই ওই দুই শর্মাকে খুঁজে নিয়ে আমি এখান থেকে ভাগলবা...
মড়াৎ!
...খেয়েছে!! ও কিসের শব্দ??
chitrochor.blogspot.in

♪ হুঁহুঁউউহুঁ... ♪

ভুউস্!

ওরেঃ! ওরেম্মা!! উরিঃ!!
chitrochor.blogspot.in

স্‌স্‌স্‌স্‌স্‌স্‌স্‌স্‌স্‌স্‌

কি ব্যাপার? কি হলো?
chitrochor.blogspot.in

লুকোচ্ছ কেন? আমাকে দেখে ভয় পেয়েছ বুঝি?

চান করবে? চলে এসো, পরিষ্কার জল...
chitrochor.blogspot.in

কি নাম তোমার?
chitrochor.blogspot.in

উমম্...তোমাকে তো আগে এদিকে দেখিনি...
আমি **ফোন বোন!** তুমি কে?
chitrochor.blogspot.in

ফোন বোন! কি মজার নাম! আমি **থর্ন**, এসো হাত মেলাই
থর্ন... কি মিষ্টি নাম, থ---
chitrochor.blogspot.in

থর্ন!!?
তুমিই থর্ন!! টেড তাহলে তোমার কথাই বলছিলো??

টেড!? হ্যাঁ খুব ভালো বন্ধুতো ও আমার...
হুইইইইয়া!! কেয়াবাত্‌!! বাজিমাৎ, মার দিয়া কেল্লা!!

আরে! আমি তো এতদিন হন্যে হয়ে তোমাকেই খুঁজছি!
chitrochor.blogspot.in

আমাকেই খুঁজছো? কেন?
কেন আবার কি? টেড্‌ই তো বল্লো যে, তুমি নাকি সঅব জানো! তুমিই আমার মুস্কিলআসান!
chitrochor.blogspot.in

টেড একটু বেশি বকে... তা তোমার মুস্কিলটা কি?
তেমন কিছু না! আমাকে শুধু বোনভিলে ফেরার পথ বাৎলে দাও, তাহলেই ভাই দুটোকে নিয়ে রওনা দেবো...

ভাই?? তোমার আবার ভাই আছে নাকি!??
আছেই তো! সেই যে পঙ্গপালের অ্যাব্বড়ো ঝাঁকটার ঠেলায় আমরা এই উপত্যকায় এসে পড়লুম, তারপর থেকে ওদের আর খুঁজেই পাচ্ছি না!

এযে **ভীষণ** ব্যাপার!
তবে কিনা...আমার বোধহয় লাল ড্রাগনকে জিজ্ঞেস করা উচিত ছিলো... ও হয়তো দেখেছে কোথাও ভাইদের...
chitrochor.blogspot.in

কাকে জিজ্ঞেস করবে বলছো??
লাল ড্রাগন... ও আচ্ছা... বুঝেছি! তুমিও নিশ্চই ঐ ড্রাগনটাগনে বিশ্বাস করো না, তাই না?

না, করি না। তো?
কুছ পরোয়া নেহি! বিশ্বাসে মিলায় বস্তু তর্কে বহুদূর!
chitrochor.blogspot.in

আর বহুদূরেই আমি যেতে চাই! এই ড্রাগন ভর্তি খ্যাপাটে জায়গা থেকে বহুদুরে... সো ও জা বোনভিল!!
chitrochor.blogspot.in

সে তো ভালো কথা, কিন্তু...
ওসব কিন্তুটিন্তু ছাড়ো! বোনভিলে ফেরার রাস্তাটা বলে ফ্যালো দিকি চট্‌পট্‌!

আসলে... বোনভিল নামটাই আমি এই প্রথম শুনছি... তবে এখান থেকে অল্প দূরে ব্যারেলহ্যাভেন নামে একটা গ্রাম আছে, সেখানে খোঁজ নিয়ে দেখতে পারো...

...কি ব্যাপার? কি ভাবছো?
কিস্‌স্যু না... সবই আমার কপাল!!
chitrochor.blogspot.in

মন খারাপ হয়ে গেলো?
সে একটু হচ্ছে বৈকি বিদেশবিভূঁইয়ে পড়ে আছি... কবে যে আবার নিজের ঘরদোর দেখতে পাবো...

মন খারাপ করো না, পাহাড়ের বরফ গলে যাক, একটা না একটা রাস্তা ঠিক বার করবো
শুধু পাহাড় পেরলেই কি হবে? তারপর তো ধূ ধূ মরুভূমি! অনেক আশা ছিল যে তুমি রাস্তা জানো...
chitrochor.blogspot.in

আচ্ছা, আগে তো তোমার ভাইদের খুঁজে বার করি, তুমি ঠিক জানো? ওরা এই উপত্যকাতেই কোথাও আছে?
সে তো আছেই! দানোবিদুরে সাবড়ে না দিয়ে থাকলে আর যাবে কোথায়?
chitrochor.blogspot.in

কি বললে?? দানোবিদুর??
ও আচ্ছা... তুমি তাহলে দানোবিদুরেও বিশ্বাস করো না?

কেন করবো না? খুব করি! তুমি কোথায় দেখলে? দানোবিদুর?
একটা নয়, দু-দুটো দেখেছি! লাল ড্রাগন ভাগিয়ে দিলো ওদের...

যাঃ! আমার বিশ্বাস হচ্ছেনা! তুমি সত্যিসত্যি দু-দুখানা দানোবিদুর দেখেছো??!!
হ্যাঁগো, তিন সত্যি! ড্রাগনও দেখেছি! নয়তো নিজের মুখে কালি মেখে কি সং সেজে ঢং কচ্ছিলুম?
chitrochor.blogspot.in

বুঝলুম, যাও, মুখের ঝুলকালিগুলো সাফ করে নাও, আমাদের বেরিয়ে পড়তে হবে এবার...
তা বেশ কথা, কিন্তু যাবোটা কোথায়?
chitrochor.blogspot.in

আমি আমার ঠাম্মার সঙ্গে থাকি, চলো আপাততঃ আমাদের বাড়িতেই যাওয়া যাক
বালতিটা নেবে না? জল ভরে দেবো?
chitrochor.blogspot.in

দাও, কিন্তু তাড়াতাড়ি...
এতো তাড়াহুড়ো করছ কেন? **দানোবিদুরদের** ভয়ে? দূর দূর! দুটোই যাকে বলে চরম হাঁদা টাইপ!

ওমা! তুমি তো খুব সাহসী! তাহলে আর আমার চিন্তা কি? এসো, হাতটা ধরো...
আসলে নিজের ঢাক পেটানোটা ঠিক আসে না আমার...

ট্যাঁওহিং!
chitrochor.blogspot.in

ওই দ্যাখো! একে একে পাখিরা ফিরে আসছে সব! মানে বসন্ত আসতে আর বেশী দেরি নেই! শীত পেরোলেই তুমি ভাইদের খুজে নিয়ে বোনভিল চলে যাবে...

...বসন্ত এসে গেছে....? ...বোনভিল কি? .... খায়? না মাথায় দ্যায়?

দ্বিতীয় অধ্যায় সমাপ্ত

কি হবে এরপর ? জানতে চোখ রাখুন চিত্রচোর ব্লগে।